Submit Resume Now
Immediate Requirement. Sign up to Apply & Find Jobs



# বিদেশে চাহিদা বাড়ছে ফাইবার গ্লাসের প্রতিমার

Oct 6, 2013, 07.16 PM IST

Share Like Tweet 0

TATA Hiring - August'15
2,200+ New Jobs For Exp: 5-15 Yrs. Upload Resume, Apply to TATA Now!
timesjobs.com/TATA-Hiring-Urgent

Top SIP Investment plans
Compare & invest in best Funds. 0 paper work. Start today.
www.myuniverse.co.in/ZipSip

Ads by Google

**অভিজিৎ সেন**



ফটো শেয়ার করুন

বেশ বিপদে পড়েছিলেন দেবরঞ্জন দে। ২০০৯ সালের ষষ্ঠী। টরোন্টো থেকে পুজোর উদ্যোক্তারা জানালেন, তাঁদের ঠাকুর পৌঁছয়নি!

শুরু হল ফোনাফুনি, মেল চালাচালি। উদ্বেগে কাটল ষষ্ঠীর রাত। সপ্তমীর সকালে আবার ফোন। জানা গেল, প্রায় ৩০০ কিলোমিটার ড্রাইভ করে উদ্যোক্তারা বিমানবন্দরে দেবীকে রিসিভ করেছেন। হাঁফ ছেড়েছিলেন দেবরঞ্জন। সে ঘটনার কথা উঠতেই হাসতে হাসতে বললেন, 'ওদের ওখানে তখনও ষষ্ঠী। বারো-ঘণ্টা সময়ের তফাতের ফলে মা দুর্গা নিজেই নিজেকে পরিত্রাণ করলেন।'


যাঁরা বিদেশে ফাইবার গ্লাসের ঠাকুর পাঠান, তাঁদের মধ্যে দেবরঞ্জন অন্যতম। এ বছর তাঁর প্রতিমা গিয়েছে সেশেলস আর ইংল্যান্ডের ম্যাঞ্চেস্টারে। গত বছর প্রতিমা পাঠিয়েছিলেন ওমান এবং আমেরিকার স্যাক্রামেন্টো ও বস্টনে। দেবরঞ্জন অবশ্য নিজে ঠাকুর বানান না। তাঁর তত্ত্বাবধানে কুমোরটুলির শিল্পীরা মূর্তি গড়েন।

এক সময়ে বিদেশে শোলার ঠাকুরের রমরমা ছিল। বর্তমানে ফাইবার গ্লাসের চাহিদা বেশি। শোলা এবং ফাইবার গ্লাসের প্রতিমা নির্মাণে দক্ষ কুমোরটুলির কৌশিক ঘোষের ব্যাখ্যা, 'জলাজমি ছাড়া শোলা গাছ জন্মায় না। সংখ্যায় অল্প হয় বলেই দাম বেশি। বাংলাদেশের শোলার গুণগত মান ভালো, কিন্তু জোগান প্রায় নেই। তাই ফাইবার গ্লাস।' কৌশিক প্রতিমা পাঠিয়েছেন আমেরিকা, কানাডা, জার্মানি, অস্ট্রেলিয়া, এমনকি চিনেও!

শোলার অভাবই একমাত্র কারণ নয়। ফাইবার গ্লাসের ঠাকুর টেকে প্রায় সাত বছর। সেখানে শোলার ঠাকুর মেরেকেটে বছর দুয়েক টেকে। তা ছাড়া, পাঁচ ফুট মাটির প্রতিমার ওজন যদি তিরিশ কেজি হয়, তা হলে ফাইবার গ্লাসের ক্ষেত্রে ওজন হবে মাত্র দশ কেজি। ভাঙার ভয়ও নেই।

ফাইবার গ্লাসের প্রতিমা টেকসই বলে মাটি বা শোলার প্রতিমার মতো প্রতি এক বা দু'বছরে অর্ডার দিতে হয় না। আমেরিকায় কোনও ক্ষেত্রে বড় পুজো থেকে ছোট পুজো সে প্রতিমা কিনে নেয়। সে ক্ষেত্রে বড় পুজোগুলি নতুন অর্ডার দেয়। মার্কিন মুলুকের পুজো নিয়ে আর একটি নতুন কথা শোনালেন দেবরঞ্জন,




বেঙ্গলী ম্যাট্রিমনি - Register Free! Sponsored

## হোম সুপারহিট

ভাই-বোনে সহবাস, খুন বাবা-মা এবং নরখাদক
বিমানেই SEX 'বিক্রি' করছেন এয়ার হোস্টেসরা
স্টিকার মারা ফল কেনেন, ফলাফল জানেন?
RSS কলঙ্ক? বোরখায় লুকিয়ে মন্দিরে বিফ-ছোড়া মূর্তিমান
ভাবী ভোলে না




## খবর হোম

আগ্নেয়াস্ত্র লাইসেন্স
আপনার শোনার ক্ষমতা
কীসে কত ক্যালরি
ক্যালরি কতটা নিচ্ছেন

'আগে একচালা প্রতিমার অর্ডার আসতো বেশি। ইদানীং পাঁচ-চালার চল বেড়েছে। সুবিধে হল, প্রয়োজনমতো আলাদা করে লক্ষ্মী-সরস্বতীর পুজোও করে নেওয়া যায়।'

ফাইবার গ্লাসের ফুট পাঁচেক উঁচু একচালা প্রতিমা তৈরি করতে সময় লাগে মাসখানেক। অর্ডার আসে অনলাইনে। বায়নার সময়ে অগ্রিম বাবদ ৫০ শতাংশ নেওয়া হয়। দেবরঞ্জনবাবু জানিয়েছেন, পাঁচ ফুট লম্বা একচালার প্রতিমার দাম ৮০ হাজার টাকা। গত বছর তা ছিল ৬০ হাজার। শ্রমিকদের দৈনিক বেতন ৪০০ থেকে ৬০০ টাকা হওয়াতেই মূলত দাম বেড়েছে। কাজের চাপ বাড়লে সেটাই ৯০০ টাকা হয়ে যায়। সমুদ্রপথে আমেরিকা নিয়ে যাওয়ার খরচ ২৫ হাজার টাকা। আকাশপথে ৫০ হাজার। এ বছর পাঁচ-চালা প্রতিমার দাম এক লক্ষ ২০ হাজার টাকার মতো। গত বছর ছিল ৯০ হাজার টাকা। সমুদ্রপথে আমেরিকা নিয়ে যাওয়ার খরচ ৪০ হাজার, বিমানে প্রায় ১ লাখ।

প্রতিযোগিতার বাজার। দেবরঞ্জন দেখছেন সিঁদুরে মেঘ। বলছেন, 'চিনেও তো শুনছি এখন ঠাকুর যাচ্ছে। এর পর যদি চায়না সিল্কের মতো চায়নার ঠাকুরও এ দেশে ঢুকে পড়ে, আমি অবাক হব না।'

**এবার 'এই সময়' আপনার মোবাইলে।** এই পরিষেবা পেতে ডাউনলোড করুন ফ্রি মোবাইল অ্যাপ।

প্রতিটি তাজা আপডেট পেতে **Ei Samay-এর ফেসবুক পেজ লাইক করুন।**

পাইয়े 10 लाख से अधिक भावी वर वधू: जीवनसाथी.com ! मुफ्त रजिस्टर करें! Sponsored

Share Like Tweet 0

আপনার প্রতিক্রিয়া

**VLCC Slimming Offer**
Offer 30% Off On Slimming Services. Register For Free Consultation!
vlccwellness.com/30%-Discount

**Government Jobs- Register**
Search & Apply to Government Jobs across Sectors. Start Searching Now
naukri.com/Register_Free

Ads by Google

## আপনার প্রতিক্রিয়া

নীচে চারটি অপশন আছে। যাঁরা বাংলা টাইপিং জানেন (ইনস্ক্রিপ্ট) তাঁরা প্রথম অপশন বাছুন। যাঁরা বাংলা টাইপিং জানেন না তাঁরা দ্বিতীয় অপশন বাছুন। এতে ইংরেজিতে টাইপ করে বাংলা লেখা যাবে... aamar mot holo... নিজে নিজেই বাংলায় পরিবর্তিত হয়ে যাবে। আপনি চাইলে চতুর্থ অপশনে ভার্চুয়াল কিবোর্ডের সাহায্যও নিতে পারেন। আর যদি ইংরেজিতেই লিখতে হয়, তাহলে তৃতীয় অপশন বাছুন। নিয়ম ও শর্তাবলী

বাংলায় লিখুন (ইনস্ক্রিপ্ট) | বাংলায় লিখুন (ইংরেজি অক্ষরে) | Write in English | ভার্চুয়াল কি-বোর্ড

মন্তব্য করার সময়ে কোনও অশালীন ভাষা ব্যবহার করবেন না। খেয়াল রাখবেন মন্তব্যের জন্যে আইনত আপনি নিজেই দায়বদ্ধ। টাইপ করার জন্যে এখানে ক্লিক করুন।

Bengali Typing by Quillpad

মন্তব্য লাইভ হলেই ই-মেল মারফৎ সেই সূচনা পাঠিয়ে দেওয়া হবে

এগিয়ে যান

নীচে যে কমেন্ট দেখতে পাচ্ছেন, তা নিজে থেকেই সাইটে লাইভ হয়ে যাবে। আমরা ফিল্টার লাগিয়ে রেখেছি যাতে কোনও রকম আপত্তিজনক মন্তব্য বা শব্দ লাইভ না হয়ে যায়। কিন্তু তবুও এমন কোনও মন্তব্য যদি লাইভ হয়ে যায়, যাতে কোনও আপত্তিজনক মন্তব্য আছে, অথবা কোনও ব্যক্তিগত ক্ষোভ বা আক্রমণাত্মক ভাষা ব্যবহৃত হয়েছে, তাহলে সেই মন্তব্যের পাশেই 'আপত্তিজনক' লিঙ্কে ক্লিক করুন। এর পর আপত্তির কারণ দেখিয়ে তা সাবমিট করুন। আমরা সেই ব্যাপারে খোঁজখবর করে যত তাড়াতাড়ি সম্ভব সেই কমেন্টকে ডিলিট করে দেবো। নিজের করা কমেন্ট খোঁজার জন্যে কি-বোর্ডে এক সঙ্গে crtl আর F প্রেস করে নিজের নাম লিখুন

**কমেন্ট**(0)

এই আর্টিকল-এ কোনও মন্তব্য নেই। আপনি নিজের কমেন্ট পোস্ট করুন

এমপ্লয়ার হিসেবে

### খবর হোম

খুশির ভুবনে লুটোপুটি, সূর্য 'লজ্জা' পেল
কচিমুখের হাসিতে
দৃষ্টিসুখের উল্লাসে
চাওয়া-পাওয়ার রঙে মায়াবী শহর আরও রঙিন
ভরা থাক স্মৃতিসুধায়
সকাল থেকেই ঝলমলে রোদ, রেকর্ড ভিড় ষষ্ঠীতে

সব | ইএস | আমার প্রোফা

Today Last 7 Days Last 30 Days Last 365 D

Smriti Ganguly
Points: 173

Mili Roy
Points: 160

Uday Santra
Points: 157

Ridrittansubh Saha
Points: 149

Esharul Haque
Points: 147






এক নজরে খবর

শহর রাজ্য দেশ
দুনিয়া খেলার সময় ব্যবসা বাণিজ্য
সম্পাদকীয় ফটো গ্যালারি বিনোদন
কলকাত্তেওয়ালি রবিবারোয়ারি লাইফস্টাইল
ভিডিও লাইভ টিভি

সবসময় যুক্ত থাকুন
এই সময় অ্যাপের সঙ্গে

আমাদের অন্যান্য সাইট

Times of India | Economic Times | iTimes | Vijay Karnataka | Ei Samay | Navgujarat Samay | महाराष्ट्र टाइम्स | Business Insider | ZoomTv | Gizmodo | Lifehacker | BoxTV | Gaana | Shopping | IDiva | Astrology | Matrimonial

ফেসবুকে এই সময়

Like 24k

Bangla News | India News | Kolkata News | Entertainment News | Lifestyle News | Religious News | Movie Reviews | Food | Hindi News |

About Us | Create Your Own Ad | Advertise with Us | Terms of Use and Grievance Redressal Policy | Privacy Policy | Sitemap

Copyright © 2015 Bennett Coleman & Co. Ltd. All rights reserved. For reprint rights: Times Syndication Service
This site is best viewed with Internet Explorer 6.0 or higher Firefox 2.0 or higher at a minimum screen resolution of 1024x768